



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৯০/২০১৯/ ২৫৮ নং

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

দারুল ইসলাম ফাজিল মাদরাসা, আশুলিয়া, সাভার, ঢাকা-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২১-০১-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ৩০-০৬-২০২৬ থেকে ২৯-০৬-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও ক্লাসে শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করার পাশাপাশি পাবলিক পরীক্ষার রেজাল্ট আরও ভালো করতে হবে এবং শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে;
২. মাদরাসার নিরাপত্তার জন্য বাউন্ডারি ওয়াল নিশ্চিত করার পাশাপাশি মাদরাসার সাইনবোর্ডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে এবং অডিট কমিটি গঠনপূর্বক শতভাগ অ্যাকাডেমিক, প্রশাসনিক ও আর্থিক স্বচ্ছলতা নিশ্চিত করতে হবে;
৩. উপাধ্যক্ষের আলাদা কক্ষসহ নারী শিক্ষকদের জন্য আলাদা কক্ষের ব্যবস্থাসহ শিক্ষার্থীদের যুগোপযোগী “ডে-কেয়ার” নির্মাণের ব্যবস্থা করতে হবে এবং অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;
৪. অতি দ্রুততম সময়ের মধ্যে অখন্ড জমির সনদ (স্মারক উল্লেখসহ হালনাগাদ) মাদরাসা পরিদর্শন দপ্তরে জমা দিতে হবে এবং শ্রেণি কক্ষের সংখ্যা বৃদ্ধিসহ মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা কমনরুম, ওয়াশরুম ও নামাজের স্থান নির্ধারণ করতে হবে;
৫. শিক্ষার মনোন্নয়নের জন্য শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, প্রজেক্টর ও আইপিএস-এর ব্যবস্থাসহ ক্লাসে শিক্ষার্থীদের ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
৬. পাঠ্যপুস্তক পড়ানোর ব্যাপারে শিক্ষকবৃন্দকে আরও মনোযোগী হতে হবে এবং কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাবকে (আরবি ও ইংরেজি) আরও আধুনিকায়ন করতে হবে;
৭. শিক্ষার মনোন্নয়ন ও প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের সাথে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং মাদরাসার হোস্টেল ব্যবস্থাকে আধুনিকায়ন করত: হোস্টেলের শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের নিরাপত্তাসহ মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
৮. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৯. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, বাজেট কমিটি, ক্রম কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি ও শৃংখলা কমিটি গঠন করার পাশাপাশি প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
১০. ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক-কর্মচারীগণের ব্যক্তিগত ফাইল ও ছুটির আবেদনপত্র যথাযথভাবে সংরক্ষণ করার পাশাপাশি মাদরাসার শিক্ষক-শিক্ষার্থী-কর্মচারীগণের নিয়মিত বায়োমেট্রিক হাজিরা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১১. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে এবং আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি মাদরাসার সকল অ্যালেমনাইদের নাম, ঠিকানা, কর্মস্থল ও মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, দারুল ইসলাম ফাজিল মাদরাসা
আশুলিয়া, সাভার, ঢাকা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৯০/২০১৯/ ২৫৮ নং

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেহিলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, দারুল ইসলাম ফাজিল মাদরাসা, আশুলিয়া, সাভার, ঢাকা।
৭. অফিস নথি।

(সোমা আক্তার)
০৭-১০-২০২৬

সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৬৭৯৮৬৮৬৬৩